গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুন বাগিচা, ঢাকা
[কাস্টমসঃ রপ্তানি ও বন্ড শাখা]

**প্রজ্ঞাপন**

আদেশ নং- ০২১/২০২১/কাস্টমস/ ২২৮ — তারিখ: ১৪/০৯/২০২১ খ্রিঃ।

**বিষয়: ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস-সমূহের বন্ডিং কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে প্রণীত সফটওয়্যার [ডিপ্লোমেটিক বন্ড অটোমেশন সিস্টেম (dbas.cbc.gov.bd:8080)] পরিচালনা সংক্রান্ত আদেশ।**

যেহেতু, জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা, ২০১৮ এর আওতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে একটি স্বচ্ছ, দায়বদ্ধ ও জবাবদিহিমূলক দক্ষ মানব সম্পদ উন্নয়নসহ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে জাতীয় রাজস্ব বোর্ড বদ্ধপরিকর; এবং

যেহেতু, পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত Tax Exemption Certificate (TEC) এবং কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা কর্তৃক ইস্যুকৃত পাসবই (Passbook) এর বিপরীতে বাংলাদেশে অবস্থানরত Diplomats এবং Privileged Persons শুল্ক-করমুক্তভাবে এবং বাংলাদেশে অবস্থানরত বিদেশী নাগরিকগণ শুল্ক-কর পরিশোধপূর্বক ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস হতে আমদানিকৃত মদ, মদ জাতীয় পণ্য, সিগারেট ইত্যাদি ক্রয় করেন; এবং

যেহেতু, ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস এর কার্যক্রম ডিজিটাল প্রযুক্তির যথাযথ ব্যবহারের মাধ্যমে সরকারি সেবা প্রদানের স্বচ্ছতা ও দায়বদ্ধতা এবং দ্রুততম সেবা প্রদান নিশ্চিতকরণ প্রয়োজন; এবং

যেহেতু, উক্তরূপ সেবা প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক একটি সফটওয়্যার: ডিপ্লোমেটিক বন্ড অটোমেশন সিস্টেম (dbas.cbc.gov.bd:8080) প্রণীত হয়েছে;

০২। সেহেতু, The Customs Act, 1969 (Act No. IV of 1969) এর Section 13(2), 119A এবং 219B এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস এর কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি সম্বলিত নিম্নরূপ আদেশ জারি করল:

**(ক) পররাষ্ট্র মন্ত্রণালয়ের কার্যক্রম:**

(১) বিদেশী কূটনীতিক ও সুবিধাপ্রাপ্ত ব্যক্তিবর্গের প্রাপ্যতার ভিত্তিতে চাহিদাকৃত পণ্য সরবরাহের জন্য সংশ্লিষ্ট তথ্যাদি ডিপ্লোমেটিক বন্ড অটোমেশন সিস্টেম এ আপলোড করবেন এবং সিস্টেম থেকে প্রাপ্ত ইলেকট্রনিক স্বাক্ষরযুক্ত Tax Exemption Certificate (TEC) স্টেকহোল্ডাগণের জন্য প্রস্তুত করবেন;

(২) বিদেশী কূটনীতিক ও সুবিধাপ্রাপ্ত ব্যক্তিবর্গের প্রাপ্যতা সংক্রান্ত নীতিগত কোন পরিবর্তন হলে, অথবা উক্ত সিস্টেমে কোন পরিবর্ধন/পরিমার্জন এর প্রয়োজনীয়তা দেখা দিলে তা জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করবেন;

(৩) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আয়োজিত উক্ত সিস্টেম সংক্রান্ত প্রশিক্ষণ কার্যক্রমে পররাষ্ট্র মন্ত্রণালয় এর সংশ্লিষ্ট কর্মচারী/কর্মকর্তাবৃন্দের অংশগ্রহণ নিশ্চিত করবেন;

(৪) ডিপ্লোমেটিক বন্ড অটোমেশন সিস্টেমে বিদেশী কূটনীতিক ও সুবিধাপ্রাপ্ত ব্যক্তিবর্গের প্রদত্ত ব্যক্তিগত তথ্যের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের সাথে সমন্বয় করবেন।

**(খ) জাতীয় রাজস্ব বোর্ডের কার্যক্রম:**

জাতীয় রাজস্ব বোর্ডের কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা ডিপ্লোমেটিক বন্ড অটোমেশন সিস্টেমে লগইন করে পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রাপ্ত বিদেশী কূটনীতিক ও সুবিধাপ্রাপ্ত ব্যক্তিবর্গের প্রাপ্যতার তালিকার আলোকে ওয়্যারহাউসের আমদানি প্রাপ্যতার সীমা এন্ট্রি করবেন। জাতীয় রাজস্ব বোর্ডের সংশ্লিষ্ট শাখার দায়িত্ব প্রাপ্ত দ্বিতীয় সচিব উক্ত এন্ট্রির বিষয়টি নিশ্চিত করবেন।

**(গ) কাস্টমস বন্ড কমিশনারেট এর কার্যক্রম:**

(১) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পাসবই (Passbook) সংক্রান্ত ইস্যুকৃত পত্রের বিপরীতে পাসবই ইস্যু করার জন্য প্রয়োজনীয় তথ্যাদি পূরণপূর্বক কাস্টমস বন্ড কমিশনারেট এর পাসবই (Passbook) শাখার

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অবিলম্বে ডিপ্লোমেটিক বন্ড অটোমেশন সিস্টেমে তা আপলোড (upload) করবেন এবং সময় সময়, পাসবই (Passbook) এর তথ্যসমূহ হালনাগাদ (update) করবেন।

(২) ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউসে দায়িত্বপ্রাপ্ত বন্ড কর্মকর্তা ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউসসমূহ কর্তৃক এন্ট্রিকৃত আমদানি ও বিক্রয় সংক্রান্ত যাবতীয় তথ্য যথাযথভাবে ইন-টু-বন্ড (In To Bond) ও এক্স বন্ড (Ex Bond) এর কার্যক্রম নিশ্চিত করবেন। এছাড়াও তিনি প্রতিটি বিক্রয়ের ক্ষেত্রে Tax Exemption Certificate (TEC) ও Passbook এর তথ্য এবং ওয়্যারহাউসকৃত পণ্যের মজুদ সংক্রান্ত তথ্য যথাযথভাবে এন্ট্রি হয়েছে কিনা তা নিশ্চিত করবেন।

**(ঘ) ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউসের কার্যক্রম:**

(১) প্রতিটি ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস পণ্য আমদানি (Purchase) সংক্রান্ত যাবতীয় তথ্য; যথা: বিল অব এন্ট্রি নম্বর ও তারিখ, অফিস কোড, ইনভয়েস নম্বর ও তারিখ এবং ক্রয়কৃত পণ্যের নাম, পরিমাণ, সিআইএফ মূল্য ইত্যাদি ডিপ্লোমেটিক বন্ড অটোমেশন সিস্টেমে এন্ট্রি করবেন;

(২) পণ্য বিক্রয়কালে ওয়্যারহাউস-সমূহ ডিপ্লোমেটিক বন্ড অটোমেশন সিস্টেমে লগইন করে Passbook, অথবা Tax Exemption Certificate (TEC) এর নম্বর এবং পাসপোর্ট এর তথ্য যাচাইপূর্বক Diplomats ও Privilege Persons এর নিকট বরাদ্দ অনুযায়ী পণ্য বিক্রয় নিশ্চিত করবেন; পাশাপাশি এক্স বন্ড নম্বর ও তারিখ, বিক্রয়কৃত পণ্যের নাম, পরিমাণ (cases ও cl/ml. প্রভৃতি), বিল অব এন্ট্রি নম্বর, সিআইএফ মূল্য প্রভৃতি তথ্য সিস্টেমে এন্ট্রি করবেন।

**(ঙ) জাতীয় রাজস্ব বোর্ডের আইটি অনুবিভাগ এর কার্যক্রম:**

(১) ডিপ্লোমেটিক বন্ড অটোমেশন সিস্টেমে বিদেশী কূটনীতিক ও সুবিধাপ্রাপ্ত ব্যক্তিবর্গের প্রদত্ত ব্যক্তিগত তথ্যের নিরাপত্তা নিশ্চিত করবেন।

(২) সিস্টেমের নিরাপত্তা বিধান, নিরবিচ্ছিন্ন সংযোগ, ব্যবহারকারীদের User ID ও Password Creation, ইলেকট্রনিক স্বাক্ষর সন্নিবেশন প্রভৃতি কার্যক্রম নির্বাহ করবেন। এছাড়াও, স্টেকহোল্ডারগণের সাথে সমন্বয়ের মাধ্যমে সিস্টেমের প্রয়োজনীয় মডিফিকেশন, ডেভেলপমেন্ট ও আপগ্রেডেশন নিশ্চিত করবেন।

(৩) সিস্টেম পরিচালনার বিষয়ে, সময় সময়, পররাষ্ট্র মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মচারী/কর্মকর্তাবৃন্দ এবং ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস-সমূহের পরিচালনাকারী কর্তৃপক্ষসহ অন্যান্য ব্যবহারকারীগণের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করবেন।

০৩। সকল ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউসের জন্য এ আদেশে উল্লিখিত অনুসরনীয় পদ্ধতি প্রযোজ্য হবে।

০৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং আগামী ০১/১০/২০২১ খ্রি: তারিখ হতে তা কার্যকর হবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

২৪/০২/২২

**(মোঃ মশিয়ার রহমান মন্ডল)**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক:

উপ-পরিচালক,
বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।
(বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিতব্য)

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০২.০১০.২০১৫/ ২২৮(২৬) তারিখ : ১৪/০৯/২০২১ খ্রিঃ।

**(ক). অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)-**

১। রাষ্ট্রাচার প্রধান, রাষ্ট্রাচার অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
৩। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ঢাকা ওয়্যারহাউস লি:, হাউস নং-সিআইএন (বি)-০৬, রোড নং-৯৬, গুলশান-২, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক, মের্সাস এইচ কবির এন্ড কোং লি:, ১২ আব্বাস গার্ডেন, মহাখালী, ঢাক।
৬। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ন্যাশনাল বন্ডেড ওয়্যারহাউস, মতি মনজিল, বাড়ী নং-১৮, রোড নং-৩২, গুলশান, ঢাকা।
৭। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স সাবের ট্রেডার্স লি:, বাড়ি নং-২৫, রোড নং-১০, গুলশান, ঢাকা।
৮। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স টস বন্ড (প্রা:) লি:, বাড়ি নং-৬০/বি, রোড নং-১৩১, গুলশান-১, ঢাকা।
৯। ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ইস্টার্ণ ডিপ্লোমেটিক সার্ভিসেস লি:, হাউস নং-২৩, রোড নং-১০৮, গুলশান-১, ঢাকা।

**(খ). অনুলিপি: সদয় অবগতির জন্য: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)-**

১। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২। সদস্য গ্রেড-১ (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন করপোরেশন, মহাখালী, ঢাকা।
৪। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
৫-১০। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/পানগাঁও/কমলাপুর (আইসিডি), ঢাকা।
১১-২১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/সিলেট/ রাজশাহী/যশোর/খুলনা/রংপুর/কুমিল্লা।
২২। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
২৩। মহাপরিচালক, শুল্ক মূল্যায়ণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
২৪। পি.এস. টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [ চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]
২৫-২৬। অফিস কপি/গার্ড কপি।

১৪/০৯/২১

G/C

**(মোঃ মশিয়ার রহমান মন্ডল)**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com